



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019



Worksheet - 4

Class: 4

Subject: Bengali Grammar

Date : 11/4/2020

১। ব্যাকরণ কেন পড়ব ?

২। কোন কোন কাজে সাধুভাষার ব্যবহার করা হত ?

৩। ধ্বনি ও বর্ণের মধ্যে তফাৎ কোথায় ?

৪। শূন্যস্থানে রেফ [্] যুক্ত ব্যঞ্জন বর্ণ বসিয়ে শব্দ গঠন কর :-

ক) দু _____

খ) মুহু _____

গ) ব _____

ঘ) আশী _____ দ

৫। (ক) একটি সমাপিকা ক্রিয়া পদের উদাহরণ দাও (বাক্যে)

খ) একটি অসমাপিকা ক্রিয়া পদের উদাহরণ দাও (বাক্যে)

৬। বিশেষণ পদের তলায় দাগ দাও :-

ক) শীতল হাওয়ায় শরীরটা জুড়িয়ে গেল।

খ) গভীর রাতে ঘুম ভেঙে গেল।

গ) সাদা সাদা মেঘের আনাগোনা শুরু হল।

৭। ক্রিয়া পদের তলায় দাগ :-

ক) কাল আমি একটা বই কিনেছি।

খ) কুকুরটা ঘেউ ঘেউ করে ডাকছে।

গ) আমি একটা অন্ধ মানুষকে দেখলাম।

৮। বোধশক্তির বিচার :-

সব কিছু থাকা সত্ত্বেও এক চাষীর মনে বড় দুঃখ। কারণ তার একমাত্র ছেলে মানুষ হয়নি। পড়াশোনায় মন নেই, কাজে কর্মে মন নেই, খালি বাজে ছেলেদের সঙ্গে মিশত। একদিন ছেলেকে নিয়ে সে হাটে গিয়ে একঝুড়ি আম কিনল। ছেলে আম খেতে খুব ভালবাসে। দুদিন পরে ছেলে সেই আম খেতে গিয়ে দেখে ঝুড়ির সব আমে পচন ধরেছে। সে বাবাকে পচা আমের কথা বলায় বাবা তাকে জানায় সে ইচ্ছা করেই ঝুড়ির ভালো আমের মধ্যে কয়েকটি পচা আম রেখে দিয়েছিল, তাই এই রকম হয়েছে। চাষীটি তার ছেলেকে শিক্ষা দিয়ে বলেছিল যে খারাপ ছেলেদের সঙ্গে না ছাড়লে ঝুড়ির আমের মতই সেও খারাপ হয় যাবে।

প্রশ্ন :-

১) চাষীর মনে কেন দুঃখ ছিল ?

২) চাষীর ছেলেটি আম খেতে গিয়ে কি দেখেছিল ?

৩) চাষী তার ছেলেকে শিক্ষা দিয়ে কি বলেছিল?

৪) বাক্য রচনা কর :-

ক) ইচ্ছা =

খ) শিক্ষা =